# প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি ক্ষেত্রে বিধি-নিষেধ প্রত্যাহার করুন

অতি সম্প্রতি প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের এক সার্কুলারে প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র ভর্তি ও পুনরাবৃত্তির উপর বিধি-নিষেধ আরোপ করা হইয়াছে, যাহা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষায় মারাত্মক প্রতিবন্ধকতার সৃষ্টি করিবে। সার্কুলারে বলা হইয়াছে, প্রত্যেক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এরিয়ার বাহিরের ছাত্র ভর্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের অনুমতি লাগিবে। অপরদিকে যে সকল ছাত্র-ছাত্রী বার্ষিক পরীক্ষায় অকৃতকার্য হইয়াছে তাহাদের পুনরাবৃত্তি বা পুনঃভর্তির জন্য অভিভাবকদের স্কুল কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করিতে হইবে। ফলে শিক্ষকগণ যে কোন শিশুকে যেমন বিদ্যালয়ে ভর্তি করিতে পারিতেছেন না, তেমনি অভিভাবককেরাও সুবিধাজনক বিদ্যালয়ে ছেলে-মেয়েদের সহজে ভর্তি করাইতে পারিতেছেন না। পুনরাবৃত্তিতে বিধি-নিষেধের কারণে অনেক শিশু বিদ্যালয় ত্যাগ করিতেছে। এখানে উল্লেখ করা প্রয়োজন যে, কোন কোন বিদ্যালয়ে ক্যাচমেন্ট এরিয়ার বাহিরের শিশুরাই বেশী ভর্তি হইয়া থাকে। বিশেষ করিয়া পৌর এলাকা বা শহর এলাকায় ক্ষুদ্র আয়তনের ওয়ার্ড থাকায় কোন কোন বিদ্যালয়ে ২/৩ ওয়ার্ডের ছাত্র ভর্তি হয়। অথচ শিশু জরিপ বা ক্যাচমেন্ট এরিয়া গ্রাম, ওয়ার্ড, ইউনিয়ন ও উপজেলাভিত্তিক হইয়া থাকে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন এই যে, 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা' অথবা 'সবার জন্য শিক্ষা' বাস্তবায়নে উক্ত বিধি-নিষেধ প্রত্যাহার করিয়া যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে যে কোন শিশুকে ভর্তির বা পুনঃভর্তির সুযোগ দেওয়া হউক।

**মোঃ আবদুর রহমান,**
মৌলভীবাজার রোড,
ডাকঘরঃ শ্রীমঙ্গল,
জেলাঃ মৌলভীবাজার।